



রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ভাইস-চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর ও ট্রেজারার নিয়োগ

স্মারক: রমৈবি/ভিঅ/নিয়োগ/০১/০০২/(৭৯)

তারিখ: ২৭/০৮/২০১৬ ইং

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত কুষ্টিয়ায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়-এ ভাইস-চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর এবং ট্রেজারার নিয়োগের প্যানেল প্রস্তুতির জন্য নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীর নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

ভাইস-চ্যান্সেলর: প্রথম শ্রেণি বা সমমানের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অথবা পিএইচডি ডিগ্রী এবং কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে অনূ্যন ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ গবেষণা ও প্রশাসনিক কাজে মোট ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

প্রো-ভাইস চ্যান্সেলর: প্রথম শ্রেণি বা সমমানের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অথবা পিএইচডি ডিগ্রী এবং কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে অনূ্যন ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ গবেষণা ও প্রশাসনিক কাজে মোট ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ট্রেজারার: নূ্যনতম স্নাতকোত্তর ডিগ্রীসহ অনূ্যন ১৫ (পনের) বছরের অধ্যাপনা, প্রশাসনিক এবং আর্থিক ব্যবস্থাপনার অভিজ্ঞতা।

শর্তসমূহ:

- যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৬ খ্রীষ্টাব্দ তারিখের মধ্যে রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান বরাবর নির্ধারিত ফরমে (নির্ধারিত ফরম বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট www.rmu.ac.bd এ পাওয়া যাবে) লিখিত আবেদনপত্র নিম্নে উল্লেখিত ঠিকানায় প্রেরণ করতে হবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট আকারের ছবি এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদ দাখিল করতে হবে।
- সরকারি বিশ্ববিদ্যালয়ে বা স্বীকৃত কোন বেসরকারি বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীকে মূল নিয়োগকারী কর্তৃপক্ষের ছাড়পত্র/অনুমতি পত্র দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীকে রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট পদে নিয়োগে সম্মত আছেন মর্মে একটি পৃথক পত্র সংযুক্ত করতে হবে।

চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয় ট্রাস্ট
ঠিকানা: ৯৮, রামচন্দ্র রায় স্ট্রিট, কোর্টপাড়া, কলেজ মোড়, কুষ্টিয়া-৭০০০
ফোন: ০৭১-৭১৭২৬, মোবা: ০১৭১৬ ৩৭৯৩৫৪ ফ্যাক্স: ০৭১-৭১৭২৭
ওয়েব সাইট: www.rmu.ac.bd

